

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২২৬৩

১১. विवार व्यशाय (کتاب النکاح)

পরিচ্ছেদঃ ৩৬. আযল সম্পর্কে

بَاب فِي الْعَزْلِ

আরবী

أَخْبَرَنَا يَزِيدُ بْنُ هَارُونَ أَخْبَرَنَا ابْنُ عَوْنٍ عَنْ مُحَمَّدِ بْنِ سِيرِينَ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ بِشْوٍ يَرُدُّ الْحَدِيثَ إِلَى أَبِي سَعِيدِ الْخُدْرِيِّ قَالَ قُلْنَا يَا رَسُولَ اللَّهِ الرَّجُلُ تَكُونُ لَهُ الْجَارِيَةُ فَيُصِيبُ مِنْهَا وَيَكُرهُ أَنْ تَحْمِلَ أَفْيَعْزِلُ عَنْهَا وَتَكُونُ عِنْدَهُ الْمَرْأَةُ تُرْضِعُ فَيُصِيبُ مِنْهَا وَيَكْرَهُ أَنْ تَحْمِلَ فَيَعْزِلُ عَنْهَا وَيَكُرهُ أَنْ تَحْمِلَ فَيَعْزِلُ عَنْهَا قَالَ لَا عَلَيْكُمْ أَنْ لَا تَفْعَلُوا فَإِنَّمَا هُوَ الْقَدَرُ قَالَ ابْنُ عَوْنٍ فَذَكَرْتُ ذَلِكَ لِلْحَسَنِ فَقَالَ وَاللَّهِ لَكَأَنَّ هَذَا زَجْرًا وَاللَّهِ لَكَأَنَّ هَذَا زَجْرًا

বাংলা

২২৬৩. আবৃ সাঈদ খুদরী রাদ্বিয়াল্লাভ্ আনভ্ হতে বর্ণিত যে, তিনি বললেন, হে আল্লাহর রাসূল! কোনো লোকের বন্দী দাসী রয়েছে, যার সাথে সে সঙ্গত হয়। কিন্তু সে গর্ভবতী হোক- তা সে চায় না। এমতাবস্থায় সে তার সাথে আযল- (নিরুদ্ধ সঙ্গম করা) করবে কি? আবার কোনো লোকের দুগ্ধদায়িনী স্ত্রী রয়েছে, যার সাথে সে সঙ্গত হয়। কিন্তু সে চায় না যে, সে গর্ভবতী হোক। এমতাবস্থায় সে তার সাথে আযল- (নিরুদ্ধ সঙ্গম করা) করবে কি? তিনি বললেন, তোমরা যদি তা (আযল) না কর তাতে তোমাদের কোন ক্ষতি নেই। কারণ তা হলো (আল্লাহ কর্তৃক নির্ধারিত) তাকদীর।"[1]

ইবনু আউন বলেন, এরপর আমি এটি হাসান (রহঃ) এর নিকট উল্লেখ করলে তিনি বললেন, আল্লাহর কসম, আমার মনে হয়, এটাই হলো নিষেধাজ্ঞা বা ধমক স্বরূপ! আল্লাহর কসম, আমার মনে হয়, এটাই হলো নিষেধাজ্ঞা বা ধমক স্বরূপ!

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ সহীহ।

তাখরীজ: এটি আগের হাদীসটির পূর্ণরূপ। আরও দেখুন, মুসনাদুল মাউসিলী নং ১৩০৬ এবং পূর্ণ তাখরীজের জন্য



আগের টীকাটি দেখুন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ সা'ঈদ খুদরী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন